অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/2/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 4 জুলাই ছুটির দিনেDWI এর ব্যাপারে কঠোর ব্যবস্থাস্বরূপ স্টেট পুলিশ মোতায়েনের ঘোষণা দেন

"ড্রাইভ সোবার বা গেট পুলড অভার" ক্যাম্পেইনটি এই শুক্রবার শুরু হবে এবং রবিবার পর্যন্ত চলবে

স্টেটব্যাপী অপ্রমত্ততা যাচাইস্থল (Sobriety Checkpoints) পরিচালনা এবং বেপরোয়া ও বিভ্রান্ত চালকদের উদ্দেশ্যে ট্রুপার মোতায়েন করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলো 4 জুলাই শনিবারের ছুটির দিনে মদ্যপ ও নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানো ও অন্যান্য ট্র্যাফিক আইন লঙ্ঘনের ব্যাপারে কঠোর ব্যবস্থা নিতে টহল ব্যবস্থা বৃদ্ধি করবে যা 3 জুলাই শুক্রবার থেকে শুরু হয়ে 5 জুলাই রবিবার পর্যন্ত চলবে। স্টেট ট্রুপারগণ ভ্রমণের জন্য অন্যতম সবচেয়ে ব্যস্ততম গ্রীষ্মকালীন ছুটির দিনে নিউ ইয়র্কের মহাসড়কগুলো নিরাপদ রাখার প্রচেষ্টায় অপ্রমত্ততা যাচাইস্থলগুলো পরিচালনা করবেন এবং স্টেটব্যাপী বেপরোয়া ও আগ্রাসী গাড়ি চালকদের আটক করবেন।

"যদিও চার জুলাই সাপ্তাহিক ছুটির দিন পরিবার এবং বন্ধুবান্ধবদের সাথে উদযাপন করার এবং সময় কাটানোর সময়, তথাপি প্রায়ই বাড়িতে যাওয়ার সময় মদ্যপানের কারণে খারাপ সিদ্ধান্ত নেওয়া হয়। এই ছুটিতে আমাদের রাস্তায় সুরক্ষা নিশ্চিত করতে, স্টেট পুলিশ এবং স্থানীয় আইন প্রয়োগকারীগণ যেকোনো ধরনের ত্রুটিপূর্ণ গাড়ি চালানো বন্ধ করবে," **গভর্নর কুওমো বলেন।** "আমি সকল নিউ ইয়র্কবাসীকে দায়িত্বশীলভাবে কাজ করতে এবং বাড়ি ফেরার নিরাপদ উপায় খোঁজার ব্যবস্থা করতে অনুরোধ করছি – কখনো মদ্যপান করে গাড়ি চালাবেন না।"

গত বছর, স্টেট পুলিশ 4 জুলাইয়ের ছুটির দিনে প্রায় 13,410 টি যানবাহন ও ট্র্যাফিক টিকেট ইস্যু করে। ট্রুপারগণ মাতাল অবস্থায় গাড়ি চালানোর (Driving While Intoxicated, DWI) কারণে 249 জনকে গ্রেফতার করে এবং 187টি দুর্ঘটনা তদন্ত করে যেখানে দুইটি প্রাণহানির ঘটনা ঘটেছে।

এই আইন প্রয়োগকালে, চালকগণ বেশ কয়েকটি অপ্রমত্ততা যাচাইস্থল ও DWI টহল প্রত্যাশা করতে পারেন। আইন প্রয়োগকারী বাহিনী এছাড়াও সেসব মোটর চালকদের দিকে নজর রাখবেন যারা গাড়ি চালানোর সময় তাদের ফোন ও অন্যান্য ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করবেন। চালকদের এছাড়াও নিউ ইয়র্কের সড়ক পথে চলাচলের সময় রাস্তার পাশে থেমে থাকা জরুরি ও বিপদাপন্ন যানবাহনকে "জায়গা ছেড়ে দেয়ার" ব্যাপারেও মনে রাখতে হবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ-এর সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "ত্রুটিপূর্ণ, মাদকাসক্ত এবং বেপরোয়া ড্রাইভারদের পর্যবেক্ষণে ট্রুপারগণ এই সপ্তাহান্তে অত্যন্ত দৃশ্যমান হবেন। আমাদের বার্তা সহজ: যদি আপনি মদ্যপান করে গাড়ি চালান, তাহলে সম্ভবত আপনি জেলে যাবেন। নিরাপদ থাকুন এবং এমন কোনো মারাত্মক সিদ্ধান্ত নিবেন না যে কারণে আপনার জীবন বা অন্য কারো জীবনের ক্ষতি হবে।"

ট্রুপারগণ এই কার্যক্রমের অংশ হিসেবে স্টেট পুলিশের চিহ্নিত যানবাহন এবং পরিচয় লুকানো ট্র্যাফিক এনফোর্সমেন্ট (Concealed Identity Traffic Enforcement, CITE) যানবাহন উভয়ই ব্যবহার করবেন। CITE যানবাহনগুলি ট্রুপারদের গাড়ি চালানোর সময় ছোট ডিভাইস রাখা মোটর চালকদের আরও সহজে চিহ্নিত করার সুযোগ করে দেয়। এই যানগুলি স্বাভাবিক ট্র্যাফিকের সাথে মিশে যেতে পারে, কিন্তু জরুরি আলো সক্রিয় করে দিলে এগুলিকে জরুরি যান হিসেবে সহজেই চেনা যায়।

ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিক্লসের (Department of Motor Vehicles, DMV) কমিশনার এবং গভর্নরের ট্র্যাফিক সেফটি কমিটির (Governor's Traffic Safety Committee, GTSC) সভাপতি মার্ক জে. এফ. শ্রোডার বলেন, "ত্রুটিপূর্ণ গাড়ি চালানো সবচেয়ে বিপজ্জনক কাজ, বিশেষ করে এখন আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার এই কঠিন সময়ে। আমি নিউ ইয়র্কবাসীদের অনুরোধ করছি সঠিক কাজটি করতে- নিরাপদে বাড়ি ফেরার পরিকল্পনা করতে।"

চার জুলাইয়ের উদ্যোগে গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটি (GTSC) আংশিক অর্থায়ন করেছে। GTSC এবং নিউ ইয়র্ক স্টেট STOP-DWI ফাউন্ডেশন (New York State STOP-DWI Foundation) মোটর চালকদের মনে করিয়ে দেয় যে অ্যাপল, ড্রয়েড এবং উইন্ডোজ স্মার্টফোনের জন্য তাদের "একটি প্ল্যান আছে" মোবাইল অ্যাপ পাওয়া যায়। অ্যাপটি নিউ ইয়র্কবাসীদের একটি ট্যাক্সি বা রাইডশেয়ার পরিষেবা ডাকতে এবং একটি মনোনীত চালকের তালিকা সক্রিয় করার সুযোগ দেয়। এছাড়াও এটি DWI আইন এবং জরিমানা সম্পর্কে তথ্য প্রদান করে এবং একটি সন্দেহভাজন দুর্ঘটনাপ্রবণ চালক সম্পর্কে রিপোর্ট করার একটি উপায় প্রদান করে।

আপনি যদি মদ্যপ বা নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালান, আপনি শুধু আপনার ও অন্যদের জীবনকে ঝুঁকিতে ফেলছেন তা না, আপনি গ্রেফতার, কারাভোগ এবং যথেষ্ট পরিমাণ জরিমানা ও উকিলের খরচের সম্মুখীন হতেও পারেন। মদ্যপানরত অবস্থায় গাড়ি চালানোর ফলে গ্রেফতারে গড়ে 10,000 মার্কিন ডলার মতো খরচ হয়।

মদ্যপ ও নেশাগ্রস্ত অবস্থায় গ্রেফতারকৃত চালকগণ তাদের ড্রাইভিং লাইসেন্স হারানো, উচ্চ বীমা হার এবং উকিলের খরচ, জরিমানা ও আদালতি খরচ, গাড়ি টানা ও মেরামত এবং কর্মঘন্টা হারানো সহ ডজনখানেক অপ্রত্যাশিত ব্যয়ের সম্মুখীন হয়।

মাতাল হয়ে গাড়ি চালানো রোধে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police), GTSC ও NHTSA নিম্নের সহজ পরামর্শগুলো মেনে চলার সুপারিশ করে:

- মজা শুরু করার আগেই বাড়ি ফেরার নিরাপদ উপায় পরিকল্পনা করুন;
- পান শুরু করার আগে, পান করবে না এমন একজন গাড়িচালক নির্ধারণ করুন;
- আপনি যদি মাতাল হন, ট্যাক্সি সেবা ব্যবহার করুন, আপনার মাতাল নয় এমন বন্ধু বা পরিবারের সদস্যকে কল করুন, বা গণপরিবহন ব্যবহার করুন;
- আপনার কমিউনিটির মাতাল-নয়-এমন রাইড প্রোগ্রাম ব্যবহার করুন;
- আপনি যদি রাস্তায় কোনো মাতাল বা দুর্ঘটনাপ্রবণ গাড়িচালক দেখেন, তাহলে দ্বিধাহীনভাবে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সাথে যোগাযোগ করুন;
- আপনি যদি এমন কাউকে চেনেন যিনি মাতাল অবস্থায় গাড়ি চালাতে যাচ্ছেন, তাহলে তাদের চাবি নিয়ে নিন এবং অন্য কোনো ব্যবস্থায় যাতে তারা নিরাপদে গন্তব্যে পৌঁছাতে পারে তার জন্য তাদের সাহায্য করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন